



UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF) ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)
Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.
Email. updfcht@yahoo.com Website: www.updfcht.com

Ref:

Date: ২৩ ফেব্রুয়ারি ২০২০

প্রেস বিজ্ঞপ্তি

পানছড়িতে ইউপিডিএফ সদস্যকে গ্রেফতারের নিন্দা ও প্রতিবাদ

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)-এর মুখপাত্র অংগ্য মারমা সংবাদ মাধ্যমে প্রদত্ত এক বিবৃতিতে আজ রবিবার (২৩ ফেব্রুয়ারি ২০২০) বিকালে খাগড়াছড়ির পানছড়ির উপজেলার নালকাটা এলাকায় রাষ্ট্রীয় বাহিনী কর্তৃক ইউপিডিএফ সদস্যদের ওপর গুলিবর্ষণ ও একজনকে গ্রেফতারের ঘটনায় তীব্র নিন্দা ও প্রতিবাদ জানিয়েছেন।

আটক ইউপিডিএফ সদস্যের নাম সুভাষ চাকমা (৩০), পিতা- কিরণ বিকাশ চাকমা জানিয়ে বিবৃতিতে তিনি ঘটনার বিবরণ দিয়ে বলেন, আজ বিকাল ৩টার দিকে রাষ্ট্রীয় বাহিনীর সাদা পোশাকধারী একদল সদস্য যাত্রীবাহী গাড়িযোগে নালকাটায় গিয়ে পানছড়ি-খাগড়াছড়ি সড়কের পাশের একটি দোকানের সামনে থেকে ইউপিডিএফ সদস্যদের লক্ষ্য করে এলোপাথাড়ি গুলি বর্ষণ করে। এতে এলাকার জনমনে আতঙ্ক দেখা দেয়।

এ সময় রাষ্ট্রীয় বাহিনীর সদস্যরা আশে-পাশের লোকজনকে জিম্মি করে রাখে এবং আহত অবস্থায় ইউপিডিএফ সদস্য সুভাষ চাকমাকে গ্রেফতার করে যায় অভিযোগ করে তিনি তার জীবন নিয়ে আশঙ্কা প্রকাশ করেন।

তিনি অবিলম্বে গ্রেফতারকৃত ইউপিডিএফ সদস্যকে নিঃশর্ত মুক্তি ও অন্যায় গ্রেফতার-নির্যাতন বন্ধের দাবি জানান।

বার্তা প্রেরক

নিরন চাকমা
প্রচার ও প্রকাশনা বিভাগ
ইউপিডিএফ।